

2014

BENGALI

(Major)

Paper : 6-3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) 'বাক্যং রসাত্মকং কাব্যম্'—উদ্ধৃতাংশটি কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
- (খ) শৃঙ্গার রসের স্থায়ীভাবের নাম কী?
- (গ) বিভাব এবং অনুভাবকে কে 'সকল হৃদয়ে সম-বাদী' বলেছেন?
- (ঘ) মিল্টনের 'Paradise Lost' কোন্ শতাব্দীতে লিখিত হয়েছিল?
- (ঙ) আনুমানিক কত খ্রিষ্টপূর্বাব্দে হোমার 'ইলিয়াড' রচনা করেছিলেন?
- (চ) গ্রিক ভাষায় 'Epic' শব্দটির প্রতিশব্দ কী?
- (ছ) দীনেশচন্দ্র সেন 'Ballad'-কে বাংলা কোন্ পরিভাষায় আখ্যায়িত করেছিলেন?

(2)

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) বিয়ের প্রস্তাব শুনে পার্বতীর লীলাকমলের পত্র-গণনার কথা কোন্ কবি, তাঁর কোন্ কাব্যে উল্লেখ করেছেন ?
- (খ) “পঞ্চশরে দক্ষ করে করেছ এ কী সম্যাসী
বিশ্বময় দিয়েছ তারে ছড়ায়ে।”
কোন্ কবির লেখা ? উদ্ধৃতাংশ তাঁর কোন্ কবিতা থেকে
নেওয়া হয়েছে ?
- (গ) ‘Ballad’ শব্দটি ল্যাটিন কোন্ শব্দ থেকে এসেছে ?
ল্যাটিনে শব্দটির অর্থ কী ছিল ?
- (ঘ) যে দুখানি সংস্কৃত অলংকারশাস্ত্রে মহাকাব্যের সংজ্ঞা,
লক্ষণ ও বৈশিষ্ট্য নিয়ে বিশদ আলোচনা রয়েছে,
সেগুলোর নাম লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

- (ক) নবরসের নাম লেখো।
- (খ) ছায়ীভাব এবং অনুভাবের মধ্যে পার্থক্য নির্দেশ করো।
- (গ) গুণীভূত ব্যঙ্গ বলতে কী বোঝ, উদাহরণসহ লেখো।
- (ঘ) Fiction এবং Novel-এর মধ্যে পার্থক্য নির্দেশ করো।
- (ঙ) মহাকাব্যের সংজ্ঞা ও লক্ষণ নির্দেশ করতে গিয়ে ডিকসন
যা বলেছেন তা নিজের ভাষায় লেখো।

(3)

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ধ্বনি বলতে কী বোঝ, বাংলা কবিতা থেকে উদাহরণ
দিয়ে ধ্বনির অস্তিত্ব প্রমাণ করো।
- (খ) লৌকিক ভাব কী করে অলৌকিক রসে পরিণত হয়,
বুঝিয়ে লেখো।
- (গ) “কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়—সহৃদয়
কাব্যপাঠকের মন।” রসবাদের আলোকে এই উক্তির
তাৎপর্য পরিস্ফুট করো।
- (ঘ) ব্যক্তিগত প্রবন্ধ বলতে কী বোঝ, বিশদভাবে আলোচনা
করো।
- (ঙ) দেশী ও বিদেশী পণ্ডিতদের মত উদ্ধৃত করে ছোটোগল্পের
সংজ্ঞা নির্দেশ করো।
- (চ) গীতিকবিতার সংজ্ঞা নির্দেশ করে তার বিচিত্র
শাখা-প্রশাখা সম্পর্কে আলোকপাত করো।
